

# শ্রেণিকক্ষেই শিক্ষককে হত্যা করলো শিক্ষার্থী

ইন্ডিফাক ডিজিটাল ডেক্স

প্রকাশ : ০৭ জুলাই ২০২৪, ১২:০৫



রসায়নের শিক্ষক ছিলেন রাজেশ। ছবি সংগৃহীত

UNIBOTS

শ্রেণিকক্ষেই শিক্ষককে হত্যার অভিযোগ উঠেছে একাদশ শ্রেণির এক শিক্ষার্থীর বিরুদ্ধে। ভারতের আসামের শিবসাগর জেলায় শনিবার (৬ জুলাই) ঘটেছে এই ঘটনা। খবর এনডিটিভি।



দৈনিক ইন্ডিফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

প্রতিবেদনে বলা হয়েছে, খারাপ ফল করার জন্য ১৬ বছর বয়সী ওই শিক্ষার্থীকে তিরক্ষার করেছিলেন রসায়নের শিক্ষক রাজেশ বড়ুয়া (৫৫)।

ঘটনার বিস্তারিত সম্পর্কে জানা যায়, ব্যক্তিগত মালিকানাধীন স্কুলটির পরিচালনার দায়িত্বে ছিলেন রাজেশ। সেইসঙ্গে পড়াতেন রসায়ন। তদন্তে জানা যায়, রসায়নে খারাপ ফল করার জন্য ওই শিক্ষার্থীকে গতকাল বকা দেন রাজেশ এবং স্কুলে তার মা-বাবাকে নিয়ে আসতে বলেন।

পরবর্তী সময়ে ওই শিক্ষার্থী সাধারণ পোশাকে শ্রেণিকক্ষে আসে। সেইসময় রাজেশ তাকে চলে যেতে বলে। তখন হট করে ছুরি দিয়ে রাজেশকে কোপানো শুরু করে ওই শিক্ষার্থী।

ঘটনার প্রত্যক্ষদর্শী এক শিক্ষার্থী জানায়, অভিযুক্ত সাধারণ পোশাকে শ্রেণিকক্ষে প্রবেশ করে। রাজেশ স্যার তাকে চলে যেতে বলে। এসময় কথা না শুনলে তার উপর চিন্কার করে রাজেশ স্যার।

এই শিক্ষার্থী আরও জানায়, অভিযুক্ত সেইসময় ছুরি বের করে স্যারের মাথায় আঘাত করে এবং কোপাতে থাকে। আমরা জানতাম না সে ছুরি নিয়ে এসেছে। তখন রাজেশ স্যার মেরেতে ঝুঁটিয়ে পড়ে এবং রক্তের বন্যা বয়ে যায়।

প্রতিবেদনে বলা হয়েছে, দ্রুত রাজেশকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে পথেই মারা যায় রাজেশ। ইতোমধ্যে ওই শিক্ষার্থীকে আটক করা হয়েছে এবং তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।